দৈনিক সংবাদ

তারিখ 21 MAR 1986
পৃষ্ঠা ৩ কলাম ৫

013

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিত্যক্ত পরীক্ষাসমূহের তারিখ ঘোষিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সনাতন পদ্ধতিতে ১৯৮৪ সালের ডিগ্রী অনার্সের যে সকল পত্রের পরীক্ষা গত ৮ই মার্চ বিশ্ববিদ্যালয় মূল কেন্দ্রে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল এবং অনিবার্য কারণে পরিত্যক্ত হয়েছিল, তা এখন নিম্নোক্ত সময়সূচী অনুসারে অনুষ্ঠিত হবে: রসায়ন প্রথমপত্র আগামী ২১শে এপ্রিল, পরিসংখ্যান প্রথমপত্র ৩০শে এপ্রিল, ইংরেজী, অর্থনীতি ও গণিত প্রথমপত্র ২০শে মে।

## শেষপর্ব মাষ্টার ডিগ্রী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সনাতন পদ্ধতিতে ১৯৮৩ সালের শেষপর্ব মাষ্টার্স ডিগ্রীর ২২শে মার্চ, ১৯৮৬ তারিখে অনুষ্ঠিতব্য যে সকল পত্রের পরীক্ষা অনিবার্য কারণে স্থগিত ঘোষণা করা হয়েছিল তা নিম্নোক্ত সময়সূচী অনুসারে অনুষ্ঠিত হবে: ইসলামী শিক্ষা, সমাজকল্যাণ, আরবী, সংস্কৃত, পালি দ্বিতীয় পত্র ২০শে এপ্রিল, ইংরেজী, হিসাব বিজ্ঞান দ্বিতীয়পত্র-২৯শে এপ্রিল, ইতিহাস, দর্শন দ্বিতীয় পত্র-৬ই মে এবং অর্থনীতি দ্বিতীয়পত্র-৪ঠা জুন, ১৯৮৬। এছাড়া সময়সূচীর অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।